# উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর আগস্ট'২০২২ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ৩১ আগস্ট'২০২২ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত জুলাই'২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় জুলাই'২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গবাদি পশুর চিকিৎসা প্রদান-৮৪০ টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান-৩৯৬৮ টি, গবাদি পশুর টিকা প্রদান-১২৩২ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান-১৫০০০ মাত্রা, কৃত্রিম প্রজনন করা হয়েছে ১৭০টি। উঠান বৈঠক করা হয়েছে ০২টি। এছাড়া খামার পরিদর্শন, পরামর্শ প্রদান ও ঘাস চাষ সম্প্রসারণ কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |
| ০৩ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর। |
| ০৪ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ০৫ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দকৃত কমিউনিটি বেসড ওয়াটার সাপ্লাই এর কাজ চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্পে নলকুপ স্থাপনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ০৬ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা প্রদানসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রমসহ সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৮ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রমসহ সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |
| ১০ | **শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি আনসার ডিলার পাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের .২০ একর জমি বেদখলে রয়েছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২২ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পূর্বে উপজেলা সমবায় অফিসের কক্ষ ছিল উপজেলা পরিষদের প্রধান সিড়ির দক্ষিণ পার্শ্বের কক্ষটি। বর্তমানে উপজেলা সমবায় অফিসটি কৃষি অফিসের পার্শ্বে স্থানান্তর করা হয়েছে। কিন্তু সমবায় অফিসের নামে ব্যবহৃত বিদ্যুৎ মিটারটি পূর্বের কক্ষে রয়েগেছে যা তথ্য অফিস ব্যবহার করছে এবং সমবায় অফিসের বিদ্যুৎ মিটারের বিল তথ্য অফিস থেকে পরিশোধ করা হয়। উপজেলা সমবায় অফিসের বিদ্যুৎ খাতের বাজেট বরাদ্দ প্রতি বছর ফেরৎ যাচ্ছে। এ কারণে উর্দ্ধতন কর্তৃপক্ষের বিভিন্ন প্রশ্নের সম্মুখীন হতে হচ্ছে। এমতাবস্থায়, উপজেলা তথ্য অফিসে লাগানো বদ্যুৎ মিটারটি উপজেলা সমবায় অফিসে স্থানান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি'র দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, চর রাজিবপুর, কুড়িগ্রামের পল্লী উন্নয়ন ভবচের ছাদ সংলগ্ন দুটি মেহগনি গাছ রয়েছে। সময়ের প্রেক্ষিতে গাছ দুটি ছাদে ফাটল ধরিয়েছে। ইতোপূর্বে গাছ দুটি কর্তনের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করলে মহোদয় গাছ দুটি পরিদর্শন ও মূল্য নির্ধারণের জন্য বন বিভাগ, চর রাজিবপুর'কে নির্দেশ দেন। নির্দেশনার আলোকে বন বিভাগ গাছের মূল্য নির্ধারণ করে দিয়েছে। একটি নিলাম কমিটি গঠনের জন্য সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান সকল শিক্ষা প্রতিষ্ঠানে নতুন সময়সুচি অনুযায়ী শিক্ষা কার্যক্রম পুরোদমে চলমান। শিক্ষাক্রম-২০২১ বাস্তবায়নের উদেশ্যে সকল স্কুল ও মাদ্রাসার ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীতে পাঠদানকারী শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদানের জন্য নামের তালিকা সংগ্রহকরণ চলমান। অত্র উপজেলায় ০৩টি শিক্ষা প্রতিষ্ঠানে নতুনভাবে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন। শিবেরডাঙ্গী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহোদয় কর্তৃক দাখিলকৃত বালিয়ামারী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর শিক্ষা কার্যক্রম স্থগিতকণের আবেদন বিষয় সিদ্ধান্ত প্রদান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক আগস্ট/২০২২ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের আগস্ট/২০২২ খ্রিঃ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) আগস্ট/২০২২ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। আগস্ট/২০২২ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, ক্যালকুলেটর ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। আগস্ট/২০২২ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। আগস্ট/২০২২ খ্রিঃ মাসে ০১(এক) জন মালি'র দৈনিক মজুরী (৫০০×২৮ দিন) =১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা।<br>০৬। আগস্ট/২০২২ খ্রিঃ মাসের ০১(এক) জন সুইপারের দৈনিক মজুরী (৫০০×২৮ দিন) =১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা।<br>০৭। আগস্ট/২০২২ মাসে উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী ব্যয় =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।<br>০৮। ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় দিবস (জাতীয় শোক দিবস) উদযাপন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>এ বিষয়ে সভায় আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। আগস্ট/২০২২ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আগামী ০১/০৯/২০২২ তারিখ হতে ওএমএস এবং খাদ্য বান্ধব কর্মসুচী কার্যক্রম চলবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর বালিকা উচ্চ বিদ্যালয়ে অফিস সহকারী (ক্লার্ক) দ্বারা ইউনিয়ন পরিষদে বেআইনীভাবে প্রবেশ করে অতর্কিতভাবে সন্ত্রাসী হামলা চালায় এবং মারধর, ভাংচুর করে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। ইউনিয়ন পরিষদের নিজস্ব জায়গায় গ্রাম পুলিশদের কাজ করার জন্য গৃহ নির্মাণ করার অনুমোদন প্রয়োজন।<br>তিনি আরও জানান শিবেরডাঙ্গী সালাম এর বাড়ীর উত্তর দিকে সাঈদ মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তাটি মাটি ভরাট করে জনগণের চরাচলের জন্য সু-ব্যবস্থা করা প্রয়োজন।<br>জাউনিয়ার চর কড়াইডাঙ্গী পাড়া ইশার উদ্দির বাড়ী হতে দক্ষিণ দিকে মজিবরের বাড়ী পর্যন্ত রাস্তা পাকা করা প্রয়োজন।<br>বালিয়ামারী বাজার পাড়া ওসুমুদ্দির বাড়ী হতে পূর্ব দিকে আলীর বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি ইউনিয়নের খাদ্য বান্ধব কর্মসুচির আওতায় ২৯৪ জন কার্ডধারী তাদের নাম বহাল রাখার জন্য আবেদন করেছেন। নামগুলে পুনরায় খাদ্য বান্ধব কর্মসুচিতে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন। কোদালকাটিতে ড্রেজার মেশিন দ্বারা মাটি উত্তোন করছে। উক্ত ড্রেজার মেশিনগুলি বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। গত বন্যায় কোদালকাটি ইউনিয়নের বিভিনন্ন রাস্তা ভেঙ্গে গেছে, রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র মোহনগঞ্জ ইউনিয়নটি চুষমারা থানা হতে রাজিবপুর থানার অর্ন্তভূক্ত করা প্রয়োজন। বড়বেড় পুলিশ ক্যাম্পের সদস্যদের থাকার জন্য ঘর নির্মাণ করা জরুরী। কৃষি পুনর্দনা মৌসুমের ১মাস আগে সার ও বীজ বরাদ্দ বাস্তবায়ন করা জরুরী। মোহনগঞ্জ ইউনিয়নে ৯টি ওয়ার্ডে ৯জন সার ডিলার নিয়োগ দেয়া প্রয়োজন। অত্র ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ভবন নির্মাণ করা প্রয়োজন। কলকিহারা খালের উপর ১৩০ মিটার ব্রীজ এবং মোহনগঞ্জ আদর্শ কলেজের দক্ষিণ পাশ্বেও রাস্তায় ২০ মিটার ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। শিকারপুরে অবস্থিত আবুসামা কমিউনিটি হাসপাতালের দক্ষিণ পার্শ্বে ২০ মিটার ব্রীজ দরকার। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| | | | | |
|---|---|---|---|---|
| | | নয়াচর বাজার হতে দক্ষিণ মদন কোলপাড়া হয়ে কোলকিহারা কাচা রাস্তাটি স্থানীয় সরকার প্রকৌশলীর আওতাধীন ক্ষুদ্র পানি সম্পদ প্রকল্পে নেওয়া জরুরী। চর নেওয়াজী বিএল উচ্চ বিদ্যালয় হতে পূর্ব জামালপুর জেলার জোয়ানের চর খাঁ পাড়া আমজাদের বাড়ী পর্যন্ত ও ফটিক চেয়ারম্যানের মোড় হতে পশ্চিম দিকে মজিদ মাহাজনের বাড়ীর পাকা রাস্তা পর্যন্ত পাকা করা দরকার এবং জোয়ানী পাড়ায় অবস্থিত বড়বেবড় সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে উত্তর দিকে নাদের মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তাটি মাটি ভরাটসহ পাকা করা দরকার। চর নেওয়াজী বি.এল উচ্চ বিদ্যালয়ে একটি বিজ্ঞান ভবন প্রয়োজন। | | |
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় জানান যে, রাজিবপুর থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। তিনি আরও জানান চর রাজিবপুর থানার চার পার্শ্বে ওয়াল নির্মিত হচ্ছে। নির্মিত ওয়ালের গ্রেডভীমের নিচে বিভিন্ন স্থানে ১-৫ ফুট পর্যন্ত ফাঁকা রয়েছে। ফাঁকা স্থানে মাটি ভরাট করা জন্য কমপক্ষে ১,৫০,০০০/- টাকার একটি প্রকল্প দেয়া প্রয়োজন। থানা ভবনের সর্বোচ্চ নিরাপত্তার স্বার্থেই ইহা প্রয়োজন। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা। |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ অফিস | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরের কার্যক্রম পরিচালনা করার জন্য আরও দুটি কক্ষের প্রয়োজন। উক্ত কক্ষের বন্দোবস্ত করার জন্য বিনীতভাবে অনুরোধ করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, আগামী সেপ্টেম্বর মাসে ডিপিএস এর আওতায় সদস্যদের নিয়ে আসার জন্য উদ্বুদ্ধ করা হয়। ২০১১-১২ থেকে ২০১৬ সাল পর্যন্ত যে সকল সমিতি গঠিত হয়েছে, সেই সকল সমিতির সদস্যগণের ঋণ খেলাপী হয়েছে। এজন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুমতি প্রয়োজন। চলমান কার্যক্রম এবং পল্লী সঞ্চয় ব্যাংককে লাভজনক করার জন্য জনবল কাঠামো অনুযায়ী শুন্য পদসমূহ পুরণ করা জরুরী। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য অফিস সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |

চলমান পাতা-৬

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮(১৫) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা সভায় উপস্থিত না থাকায় আইসিটি শাখা সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | **বিজিবি** | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় উপস্থিত না থাকায় সীমান্ত পরিস্থিতি পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |
| ১৮(১৮) | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, চর রাজিবপুর |
| ১৮(১৯) | **উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ** | সাবেক কমান্ডার উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ সভায় শুভেচ্ছামুলক বক্তব্য দেন। | | সাবেক কমান্ডার উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, চর রাজিবপুর |
| ১৮(২০) | **মহিলা ভাইস চেয়ারম্যান** | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(২১) | **ভাইস চেয়ারম্যান** | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সভায় জানান যে, বিধি মোতাবেক স্বচ্ছতা বজায় রেখে সকল দপ্তরের কাজ সম্পাদন করতে হবে। তিনি আরও জানান অতিবৃষ্টি ও বন্যার কারণে ভেঙ্গেযাওয়া রাস্তাসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ মেরামত করা প্রয়োজন। বিভিন্ন জেলে কারেন্ট জাল ব্যতিত অন্য জাল দিয়ে মাছ ধরলে বাধা সৃষ্টি করছে এবং চাঁদা দাবি করছে মর্মে অভিযোগ পাওয়া গেছে। এ বিষয় তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। রাজিবপুর বাজারে উন্নয়নমূলক কাজ করা প্রয়োজন। রাজিবপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের অফিস সহকারীসহ (ক্লার্ক) ইউনিয়ন পরিষদে কিছু সাংবাদিক হামলা করেছে। ইহা তদন্ত পূর্বক দৃষ্টান্তমুলক শাস্তি হওয়া প্রয়োজন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

চলমান পাতা-৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২২-**৪৮৯** তারিখ ঃ ১৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ / ৩১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৯। অফিস কপি।

৩১/০৮/২০২২

(অমিত চক্রবর্ত্তী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিত প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে আগস্ট'২০২২ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

২২/০৮/২০২২

(অমিত চক্রবর্ত্তী)
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২২-৪০৫ | তারিখ ঃ ১৬ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ / ২২ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ..................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম ।
০৯। অফিস কপি।

২২/০৮/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম